তারিখ 26 APR 2016
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

অ্যালামনাই অ্যাসোসিয়েশনের দায়িত্ব গ্রহণ

# ঢাবি শিক্ষার্থীদের বৃত্তি আরও বাড়বে : এ. কে. আজাদ

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

দায়িত্ব গ্রহণ করে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নবনির্বাচিত সভাপতি এ. কে. আজাদ বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) দুস্থ ও অসহায় শিক্ষার্থীদের সহায়তায় বৃত্তির পরিমাণ আরও বাড়বে। বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন অ্যালামনাই অ্যাসোসিয়েশন ভূমিকা পালন করবে।

বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ফ্লোরে যৌথ সভায় ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইর সাবেক সভাপতি এবং হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এ. কে. আজাদের কাছে দায়িত্ব হস্তান্তর করেন সংগঠনের বিদায়ী সভাপতি রকীবউদ্দীন আহমেদ। অ্যাসোসিয়েশনের নবনির্বাচিত মহাসচিব রঞ্জন কর্মকারের সঞ্চালনায় এই যৌথ সভায় বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হোসাইন, বিদায়ী সভাপতি রকীবউদ্দীন আহমেদ, সহসভাপতি মোল্লা মোহাম্মদ আবু কাওছার ও কার্যনির্বাহী সদস্য এস এম বাহালুল মজনুন চুন্নু। এ সময় নবনির্বাচিত ও বিদায়ী কমিটির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ড. আ আ ম স আরেফিন সিদ্দিক নতুন নেতৃবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে অ্যালামনাই

■ পৃষ্ঠা ১৭ : কলাম ১

## ঢাবি শিক্ষার্থীদের বৃত্তি

[১৯ পৃষ্ঠার পর]

অ্যাসোসিয়েশন কার্যকর ভূমিকা পালন করে আসছে। উন্নয়নের এ ধারা অব্যাহত রাখতে একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়া যেতে পারে। সাবেক শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও শিক্ষার সার্বিক পরিবেশের মানোন্নয়নে এগিয়ে আসা উচিত। ঢাকা বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেওয়া মানে বাংলাদেশকে এগিয়ে নেওয়া।

সহিদ আকতার হোসাইন জানান, বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সঙ্গে যৌথভাবে কাজ করবে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ. কে. আজাদ বলেন, অতীতের মতো ভবিষ্যতেও ঢাবি শিক্ষার্থীদের পাশে দাঁড়াবে অ্যালামনাই অ্যাসোসিয়েশন। বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহায়তায় বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে কাজ করবে। আবাসন সংকট নিরসনে কার্যকর উদ্যোগ নেওয়ার ঘোষণা দিয়ে তিনি আরও বলেন, দুস্থ ও অসহায় শিক্ষার্থীদের সহায়তায় স্কলারশিপের পরিমাণ আরও বাড়ানো হবে। তিনি বিশ্ববিদ্যালয়ে আধুনিক হাসপাতাল নির্মাণে সবার সহযোগিতা এবং উন্নয়নে এগিয়ে আসতে সাবেক শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। এ সময় তিনি শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেডের পক্ষ থেকে ৫০টি বৃত্তির ঘোষণা দেন।

রকীবউদ্দীন আহমেদ বলেন, শিক্ষার্থীদের জন্য একটি শিক্ষা ঋণ চালু করা যেতে পারে। যে ঋণ দিয়ে একজন শিক্ষার্থী পড়াশোনা শেষে চাকরি জীবনে প্রবেশ করে ঋণ আবার ফেরত দেবে। নতুন কমিটি এ ঋণ কার্যক্রম চালু করতে প্রশাসনের সহযোগিতায় বাস্তবমুখী পদক্ষেপ নেবে বলে তিনি আশা প্রকাশ করেন।

মোল্লা মোহাম্মদ আবু কাওছার বলেন, যোগ্য ও মেধাবীরাই অ্যালামনাই অ্যাসোসিয়েশনের দায়িত্ব পেয়েছেন। এস এম বাহালুল মজনুন চুন্নু অ্যালামনাই অ্যাসোসিয়েশনকে আরও গণমুখী করার আহ্বান জানান। সভার শুরুতে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আজীবন সদস্য ড. আফিয়া দিল ও আইরিন পারভীন বাঁধনের রুহের মাগফিরাত কামনায় মোনাজাত করা হয়।